

সাপ্তাহিক **দর্পণ**

১০ ম বর্ষ □ সংখ্যা ২১ □ সোমবার ১৮ মে ২০০৯ □ ০৪ জাট ১৪১৬ □ ২২ জমানিউল আওয়াল ১৪৩০ বিজরি □ নিউইয়র্ক

Monday 18 May 2009

২০ জুন থেকে 'মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী' প্রতিযোগিতা



মেটলাইফের সাউথ এশিয়ান স্পেলিং বী প্রতিযোগিতার সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন মেটলাইফের নির্বাহী ডায়রেক্টর যোসেফ হর্টউইজার্ন। ছবি-দর্পণ।

দর্পণ রিপোর্ট : মেটলাইফের সৌজন্যে চলতি বছরেও দক্ষিণ এশিয়ার শিশু-কিশোরদের জন্যে 'স্পেলিং বী' প্রতিযোগিতার আয়োজন করছে। ৬ মে ম্যানহাটনে আনুষ্ঠানিকভাবে এক সংবাদ সম্মেলনে প্রথম ঘোষণা অনুযায়ী অর্ধ ১৪ বছর বয়সী মেয়ে-মেয়েরা এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। মুক্তরাষ্ট্রের ৮টি স্থানে অনুষ্ঠিত হবে অঞ্চলভিত্তিক প্রতিযোগিতা এবং অংশগ্রহণে ইচ্ছুকদের নাম তালিকাভুক্ত করতে হবে ওয়েবসাইটে www.southasianspellingbee.com। গত বছরের মত এবারের প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে টাচ ডাউন মিডিয়া ইনকের ব্যবস্থাপনায়। ২০ জুন নিউজার্সি, ২১ জুন

ওয়শিংটন ডিস্ট্রিক্টে, ২৭ জুন ডালাস, ২৮ জুন হিউস্টন, ১১ জুলাই শিকাগো, ১২ জুলাই নিউইয়র্ক, ১৮ জুলাই লস এঞ্জেলোস এবং ১৯ জুলাই অনুষ্ঠিত হবে বে এরিয়ায়। প্রতিটি প্রতিযোগিতাই দিনা বিহীন অনুষ্ঠিত হবে এবং তা খেলা থাকবে সর্বসাধারণের জন্যে। অনুষ্ঠানগুলো সরাসরি প্রচারিত হবে সনি এন্টারটেইনমেন্ট টিভিতে। এবারও মিডিয়া পার্টনার হিসেবে কাজ করছে তিকনা পত্রিকা। উল্লেখ্য যে, গত বছরের প্রধান প্রতিযোগিতায় উল্লেখযোগ্যসংখ্যক বাংলাদেশীসহ ৪ শতাধিক শিশু-কিশোর অংশ নেয়। সংবাদ সম্মেলনে টাচ ডাউন মিডিয়া ইনকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এই

প্রতিযোগিতার পরিচালনাকারী রাহুল গোল্ডিয়া বলেছেন, আমেরিকানদের সাথে টিকে থাকার জন্যে আমাদের নতুন প্রজন্মকে তৈরী করতে এ এক দুঃসাহসী পদক্ষেপ। পারিবারিকভাবে উপস্থিত হয়ে দিনভর বিশেষদের পাশাপাশি সম্ভাব্য শিকাগোতে যোগ্যতা যাচাইয়ের সুযোগ সৃষ্টিকারী এ প্রতিযোগিতায় সুযোগপ্রাপ্তদেরকে প্রথম দিন ২৫টি শব্দ লেখার পরীক্ষা দিতে হবে। এর মধ্যে অন্ততঃ ১৫টি শব্দ সঠিকভাবে লিখতে ও বানান উচ্চারণ করতে হবে। তা না হলে সুযোগ পাওয়া যাবে না। এর মধ্যে শীর্ষে অবস্থানকারী ৩ জনকে নগদ অর্থ পুরস্কার দেয়া হবে। ৮টি অঞ্চলের মোট ১৬ জনকে চূড়ান্ত পর্যায়ে আসতে হবে এবং তা অনুষ্ঠিত হবে আগস্ট মাসে নিউজার্সিতে। চূড়ান্ত পরে যে চ্যাম্পিয়ন হবে তাকে নগদ ৫ হাজার প্রদান করবে মেটলাইফ।



মেটলাইফের সাউথ এশিয়ান স্পেলিং বী প্রতিযোগিতা উপলক্ষে সংবাদ সম্মেলনে (বা মেনে) টাচডাউন মিডিয়া ইনক-সিইও রহুল গোল্ডিয়া, মেটলাইফের এডভার্টিজিং কমান্ডার টিমকার জেনেস, এশিয়াটি হাইস প্রিন্সেপ্ট-এডভার্টাইজিং জেন ডেভিড এবং সনি টিভির হাইস প্রিন্সেপ্ট নির্বাহী অরো, সমনে মেটলাইফ ব্র্যান্ড আইটেম সোলনি।



মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী প্রতিযোগিতা উপলক্ষে আয়োজিত সংবাদ সম্মেলনে সূরী ও মিডিয়া ব্যক্তিবৃন্দের একাংশ। ছবি-দর্পণ।